

এমআরএ/সার্কুলার লেটার নং-৫৪

তারিখ: ১১ চৈত্র ১৪২৬
২৫ মার্চ ২০২০

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

বিষয়ঃ ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের ঋণ শ্রেণীকরণ বিষয়ে জারিকৃত সার্কুলার লেটার এর নির্দেশনার বিষয়ে অধিকতর স্পষ্টীকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে অত্র অথরিটির সার্কুলার লেটার নং-৫৩, তারিখঃ ২২/০৩/২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিরাজমান করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে অত্র অথরিটির সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান সমূহের ঋণগ্রহীতাগণের ব্যবসা-বাণিজ্য তথা স্বাভাবিক অর্থনৈতিক কর্মকান্ড বাধাগ্রস্ত হওয়ার আশংকা দেখা দেয়ায় ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতাদের সহযোগিতার লক্ষ্যে অত্র অথরিটি কর্তৃক সূত্রেলিখিত সার্কুলার লেটার টি জারি করা হয়।

০৩। ইস্যুকৃত সার্কুলার লেটারে ০১ জানুয়ারী, ২০২০ তারিখে ঋণের শ্রেণীমান যা ছিল, আগামী ৩০ জুন, ২০২০ পর্যন্ত উক্ত ঋণ তদাপেক্ষা বিরূপমানে শ্রেণীকরণ করা যাবে না এবং কোন ঋণের শ্রেণীমানের উন্নতি হলে তা বিদ্যমান নিয়মানুযায়ী শ্রেণীকরণ করা যাবে মর্মে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহকে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত সার্কুলার লেটার এর নির্দেশনা বাস্তবায়নের ক্ষেত্রে এমএফআইসহ সংশ্লিষ্টদের নিকট অস্পষ্টতা পরিলক্ষিত হওয়ায় সার্কুলার লেটারে বর্ণিত বিষয়াবলী অধিকতর স্পষ্টীকরণের আবশ্যিকতা দেখা দিয়েছে।

০৪। এ প্রেক্ষিতে বিষয়টি অধিকতর স্পষ্টীকরণের লক্ষ্যে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস এর প্রাদুর্ভাবের কারণে সৃষ্ট পরিস্থিতিতে ঋণগ্রহীতাদের আর্থিক অক্ষমতার কারণে ক্ষুদ্রঋণের কিস্তি অপরিশোধিত থাকলেও তাঁদের আর্থিক অবস্থা বিবেচনায় নিয়ে আগামী ৩০ জুন, ২০২০ পর্যন্ত প্রাপ্য কোন কিস্তি/ঋণ কে বকেয়া/খেলাপী দেখানো যাবে না। অর্থাৎ এই সংকটময় সময়ে এমএফআই কর্তৃক ঋণগ্রহীতাদেরকে কিস্তি পরিশোধে বাধ্য করা যাবে না। তবে কোন গ্রাহক স্বেচ্ছায় ঋণের কিস্তি পরিশোধে ইচ্ছুক হলে সে ক্ষেত্রে কিস্তি গ্রহণে কোন বাধা থাকবে না। উল্লেখ্য, এমএফআই কর্তৃক নতুন ঋণ প্রদানের ক্ষেত্রে বর্ণিত সার্কুলার লেটারের মাধ্যমে কোনরূপ নিষেধাজ্ঞা আরোপিত হয়নি।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ ইয়াকুব হোসেন)

পরিচালক


ফোনঃ ৪৮ ৩১ ৫৭ ১৫

নম্বর- ৫৩.০৪.০০০০.২১.২২.০০৩.২০-৯১৮(৭৫৯)(৯)

তারিখঃ-২৫/০৩/২০২০ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
৩. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইন্সটন গার্ডেন রোড, ঢাকা।
৫. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, কারওয়ান বাজার, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
৭. বিভাগীয় কমিশনার (সকল)।
৮. জেলা প্রশাসক (সকল)।
৯. পিএস টু গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (গভর্নর মহোদয়ের জ্ঞাতার্থে)।



(মুহাম্মদ মিজানুর রহমান)

উপপরিচালক

ফোনঃ- ৪৮ ৩১ ৬০ ৩৫